

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

সেপ্টেম্বর /২০১৯ মাসের ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রামের কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	২৪/০৯/২০১৯ খ্রি.
সভার সময়	দুপুর ২ ঘটিকা
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	সংযুক্তি-ক


সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আলোচনার বিষয়বস্তু মোতাবেক জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক আগামী ২৮/০৯/২০১৯ তারিখ হতে ০৩/১০/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৬ দিন ব্যাপী ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব আয়োজন করা হবে। ভেন্যু হিসেবে বঙ্গবন্ধু নভোথিয়াটারের সন্মেলন কক্ষের পরিবর্তে পূর্ত ভবনের সন্মেলন কক্ষ ব্যবহার করা হবে। সভায় এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার বিভিন্ন সার্ভিস নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নুক্ত সার্ভিসগুলো ডিজিটাল ডিজাইন ল্যাবের জন্য মনোনীত করা হয়।

ক্রমিক নং	সার্ভিসের নাম
1	License, Registration, NOC & Certificate Management System (7)
2	Sales & Distribution Management System (5)
3	Training Management System (5)
4	Education Management System (4)
5	Inspection, Testing & Report Management System (5)
6	Lease Management System (3)
7	Information & Advisory Management System (3)
8	Treatment Management System (3)

সভায় উপরোক্ত সবগুলো সেবা নিয়ে বিস্তারিত আলোচনা হয়, আওতাধীন দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতি মন্ত্রণালয়ের অফিস অটোমেশন সেবার ব্যাপারে জানতে চাইলে মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, সরকারের জিআরপি প্রকল্প হতে উক্ত সেবাটি প্রদান করা হবে বিধায় এটি এখানে রাখা হয়নি। সভাপতি উপস্থিত সকলকে আরও কোন সার্ভিস যুক্ত করার প্রয়োজন হলে তা প্রশিক্ষণের সময় যুক্ত করার আহ্বান জানান।

ইনোভেশন প্রকল্প পরিদর্শনের বেপারে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি চলমান ইনোভেশন প্রকল্পগুলো পরিদর্শনের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি উপস্থিত সকলকে নিয়মিত পরিদর্শন ও সহায়তা প্রদান করার আহ্বান জানান।

সভাপতি, সবাইকে যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণের আহ্বান জানান। আর কোন আলোচনা থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ তৌফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.২২০

তারিখ: ২২ আশ্বিন ১৪২৬
০৭ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৬) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৭) যুগ্মসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৮) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
- ১১) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



নূর মোহাম্মদ
প্রোগ্রামার